গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৮.২০২৩/১৫৭৪/৪ তারিখ: ২২/০৫/২০২৪খ্রি:

**বিষয় :** লক্ষ্মীপুর সদর উপজেলাধীন বশিকপুর স্কুল এন্ড কলেজের অনিয়ম বন্ধে পদক্ষেপ গ্রহণের অভিযোগ তদন্ত সংক্রান্ত বিষয়ে ব্যাখ্যা ও মতামত প্রদান।

সূত্র : অধ্যক্ষ, লক্ষ্মীপুর সরকারি কলেজ-এর স্মারক নং-৩৫; তারিখ: ১০/০১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর সদর উপজেলাধীন বশিকপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মো: আব্দুল বাছেদ প্রতিষ্ঠানটির গভর্নিংবডির সভাপতি কর্তৃক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সহ শিক্ষক ও কর্মচারীদের বন্ধ করা বেতন-ভাতা প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্টে বিভাগে **রীট পিটিশন নং- ৭৫৯২/২০২৩** দায়ের করেন। উক্ত রিট পিটিশন মামলায় প্রাপ্ত আদেশের বিষয়ে আইন শাখা মতামত নিম্নরূপ:

**আইন শাখার মতামত**: "(ক) যেহেতু জনাব মো: আব্দুল বাছেদ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বশিকপুর স্কুল এন্ড কলেজ, সদর, লক্ষ্মীপুর, প্রতিষ্ঠানটির গভর্নিংবডির সভাপতি কর্তৃক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সহ শিক্ষক ও কর্মচারীদের বন্ধ করা বেতন-ভাতা প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্টে বিভাগে রীট পিটিশন নং- ৭৫৯২/২০২৩ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে ০১নং প্রতিপক্ষ, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকাকে ০২ নং প্রতিপক্ষ এবং মহাপরিচালক, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লাকে ০৩ নং প্রতিপক্ষ করা হয়েছে।

**(খ)** যেহেতু, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৭৫৯২/২০২৩ এর গত ২০/০৮/২০২৩ তারিখের আদেশে রেসপনডেন্ট-২, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং রেসপনডেন্ট-৩, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-কে নির্দেশনা প্রদানের মাধ্যমে মামলার রুল নিস্পত্তি করেন। জারীকৃত নির্দেশনায় উল্লেখ করা হয় যে, "Accordingly, the respondent no.2, the Director General, Directorate of Education, Dhaka and respondent No.3, Chairman, Board of Intermediate and Secondary Educaion, Cumilla are directed to dispose of the petitioners' applications both dated 27.07.2023 (Annexure-'H' and H-1 respectively to the supplementary affidavit) within 02(two) months from the date of receipt of this order, in accordance with law, without fail."

**(গ)** যেহেতু, মামলার পিটিশনের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, জনাব মো: আব্দুল বাছেদ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বশিকপুর স্কুল এন্ড কলেজ, সদর, লক্ষ্মীপুর, প্রতিষ্ঠানটির গভর্নিংবডির সভাপতি কর্তৃক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সহ শিক্ষক ও কর্মচারীদের বন্ধ করা বেতন-ভাতা প্রদানের বিষয়ে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করেন। কিন্তু উক্ত আবেদন নিস্পত্তি না হওয়ায় পিটিশনারগণ অত্র রীট পিটিশন আনয়ন করেন। মামলার আদেশে পিটিশনারের গত ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখের আবেদনটি নিস্পত্তি করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-কে নির্দেশনা দেয়া হয়। এক্ষেত্রে মহামান্য আদালতের নির্দেশনা মোতাবেক গত ২৭/০৭/২০২৩খ্রি. তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিস্পত্তি করে নিস্পত্তির বিষয়ে অবশ্যই পিটিশনারকে এবং রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ ও আইন শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা গেলো।

**(ঘ)** যেহেতু, মহামান্য আদালত পিটিশনারের আবেদন বিধি মোতাবেক নিস্পত্তির ক্ষেত্রে তথা সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে মহাপরিচালক মহোদয়কে পূর্ণ স্বাধীনতা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক জনাব মো: আব্দুল বাছেদ, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বশিকপুর স্কুল এন্ড কলেজ, সদর, লক্ষ্মীপুর, প্রতিষ্ঠানটির গভর্নিংবডির সভাপতি কর্তৃক অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সহ শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা প্রদান না করায় বেতন বিলে প্রতিস্বাক্ষর করার জন্য জেলা প্রশাসক/জেলা শিক্ষা অফিসারকে দায়িত্ব দেয়াসহ ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার বিষয়ে গত ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখে যে আবেদন (Annexure-H) দাখিল করেছেন যে আবেদনটি যাচাই করে বিধি মোতাবেক নিস্পত্তি করা প্রয়োজন। বর্ণিত মামলার আদেশের বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার সহিত আলোচনা করলে তিনি একই অভিমত পোষন করেন। এখানে উল্লেখ্য যে, নিস্পত্তিতে বিলম্ব হলে অনেক ক্ষেত্রে কনটেম্পট পিটিশনের উদ্ভব হয় যা বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করে।"

আইন শাখার উপরোক্ত মতামত ও প্রতিষ্ঠানের সার্বিক পরিস্থিতি সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য এ অধিদপ্তর কর্তৃক তদন্ত কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়। তদন্ত কর্মকর্তার মতামত/সুপারিশ নিম্নরূপ:

**সুপারিশ:** তদন্ত দল বশিকপুর স্কুল এন্ড কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য নিম্নোক্ত সুপারিশ প্রদান করছে:

১। জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক বশিকপুর স্কুল এন্ড কলেজের শিক্ষকদের বেতন ছাড়ের ব্যবস্থা করা;

২। তথ্য-উপাত্ত পর্যালোচনা করে দেখা গেছে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আবদুল বাছেদ সিনিয়র সহকারী শিক্ষক (জ্যেষ্ঠতার ভিত্তিতে দ্বিতীয়) বিধি বহির্ভূতভাবে পূর্ববর্তী অধ্যক্ষ মো: নূরুল হুদা বকুল ভারপ্রাপ্ত সহকারি প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছিলেন এবং নিয়োগ বিজ্ঞপ্তির পর জনাব আবদুল বাছেদ তিনি নিজেও সহকারি প্রধান শিক্ষক পদে প্রার্থী হয়েছেন, সে বিবেচনায় মো: আবদুল বাছেদকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের পদ হতে দ্রুত অপসারণ করতে হবে।

৩। নিয়মিত অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত বিধি মোতাবেক কলেজ শাখার প্রভাষকদের মধ্য হতে জ্যেষ্ঠ প্রভাষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের সুপারিশ করছি।

৪। যত দ্রুত সম্ভব একটি স্বচ্ছ ও গ্রহণযোগ্য নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতা সম্পন্ন অধ্যক্ষ নিয়োগ করতে হবে।

৫। পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে দেখা গেছে, বর্তমান গভর্নিংবডি যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে প্রতিষ্ঠানটি পরিচালনা করছেন এবং গভর্নিংবডির সদস্যরা কোন বিষয়ে একমত হয়ে সুষ্ঠুভাবে প্রতিষ্ঠান পরিচালনা করতে ব্যর্থ হয়েছেন। এটি এক ধরণের বর্তমান অদক্ষতা যা শিক্ষক-কর্মচারীদের বেতন বন্ধ করে দেওয়ার মতো একটি অমানবিক পরিস্থিতি তৈরি করেছে। তদন্ত দল মনে করে, গভর্নিংবডি ভেঙ্গে দিয়ে প্রাথমিকভাবে একটি এডহক কমিটি গঠন করে বিধি মোতাবেক দ্রুততম সময়ে নিয়মিত পূর্ণাঙ্গ কমিটি গঠন করতে হবে।

তদন্ত কর্মকর্তা উপর্যুক্ত মতামত/সুপারিশ-এর প্রেক্ষিতে ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে অধ্যক্ষকে ব্যাখ্যা ও গভর্নিংবডির সভাপতিকে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

12.05.24

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন: ৯৫৫৬০৫৭
Email: ncollege@dshe.gov.bd

১। সভাপতি, গভর্নিংবডি, বশিকপুর স্কুল এন্ড কলেজ, সদর, লক্ষ্মীপুর
২। অধ্যক্ষ, বশিকপুর স্কুল এন্ড কলেজ, সদর, লক্ষ্মীপুর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর (প্রাপক কর্তৃক পত্র প্রাপ্তি নিশ্চিতের অনুরোধসহ)
৪. সংরক্ষণ নথি।